

কৃষিতত্ত্ব বিভাগ, বিটিআরআই

ভিশন

তুলনামূলক কম খরচে উন্নত কৃষিতাত্ত্বিক কৌশল ব্যবহারের মাধ্যমে বাংলাদেশে চা এর উৎপাদন বৃদ্ধি করা।

মিশন

গাছের স্বাস্থ্য সংরক্ষণ করে ফলন কাঙ্ক্ষিত সর্বোচ্চ পর্যায়ে উন্নীত করতে নতুন নতুন কৃষিতাত্ত্বিক প্রযুক্তি উদ্ভাবন এবং প্রচলিত কৃষিতাত্ত্বিক প্রযুক্তির আদর্শীকরণ।

কার্যাবলী

কৃষিতত্ত্ব হল মাঠ ফসল উৎপাদনের মৌলিক নীতিমালা অনুসরণ করে নতুন কলাকৌশল উদ্ভাবন ও তার যথাযথ প্রয়োগের মাধ্যমে খামার ও উৎপাদন ব্যবস্থাপনা। বিটিআরআই এর কৃষিতত্ত্ব বিভাগের মূল কার্যক্রমগুলি নিম্নরূপ-


- ১) কৃষিতাত্ত্বিক গবেষণা কার্যক্রম তথা মাঠ পরীক্ষণের মাধ্যমে প্রচলিত পরিচর্যাগত পদ্ধতিসমূহ যেমন- চা চারা রোপন, পুনিং, টিপিং, প্লাকিং, গ্রাফটিং, ছায়া ব্যবস্থাপনা, খরা ব্যবস্থাপনা, পানি ব্যবস্থাপনা ইত্যাদির আদর্শীকরণ।
- ২) চা বাগানসমূহে চা উৎপাদন সংশ্লিষ্ট কোন সমস্যা দেখা দিলে সে সমস্যা সমাধানে সরেজমিন পরিদর্শণ, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
- ৩) চা উৎপাদন সংশ্লিষ্ট প্রচলিত প্রযুক্তির উন্নীতকরণ, আদর্শীকরণ, যান্ত্রিকীকরণ এবং উদ্ভাবিত নতুন প্রযুক্তির সম্প্রসারণ।
- ৪) চা চাষাবাদ সংশ্লিষ্ট বিজ্ঞানসম্মত সর্বশেষ ধারণাগুলি কর্মশালা, সেমিনার এবং বার্ষিক কোর্স আয়োজনের মাধ্যমে মাধ্যমে বিস্তারের ব্যবস্থা করা।
- ৫) বিটিআরআই খামারের সামগ্রিক তত্ত্বাবধানসহ মাঠে বিটিআরআই এর অন্যান্য বিভাগের পরীক্ষণ কাজে প্রয়োজনীয় শ্রমিক ও উপকরণ দিয়ে সহযোগীতা করা।
- ৬) চা বাগানসমূহের চাহিদার পরিপ্রেক্ষিতে সক্ষমতা অনুযায়ী বিভিন্ন রোপন সামগ্রী (কাটিং, চারা, বীজ ইত্যাদি) সরবরাহ।
- ৭) বিটিআরআই ক্যাম্পাসের পরিষ্কার-পরিচ্ছন্নতা ও নিরাপত্তা রক্ষায় বিটিআরআই খামারের মাধ্যমে বিটিআরআই এর প্রশাসন শাখাকে সহযোগীতা করা।

চলমান গবেষণা কার্যক্রম

- ১) বর্তমান পরিবর্তিত জলবায়ুর পরিপ্রেক্ষিতে চা'য়ের অধিক ও টেকসই ফলনের জন্য একটি নতুন পুনিং সাইকেল উদ্ভাবন।
- ২) ক্লোন চা চারার বৃদ্ধি ও বিকাশে বিভিন্ন প্রকারের কম্পোস্ট প্রয়োগের প্রভাব।
- ৩) পুনিং যান্ত্রিকীকরণ এবং চা'য়ের ফলনের উপর এর প্রভাব।
- ৪) চা গাছের ফলন এবং খরা সহিষ্ণুতা বৃদ্ধির জন্য গ্রাফটিং কৌশল প্রয়োগের মাধ্যমে নার্সারিতে কম্পজিট চা চারা উদ্ভাবন কৌশল।
- ৫) টিলার তুলনামূলক গরম ঢালে অপ্রাপ্ত বয়স্ক চা চারায় বিভিন্ন ধরনের সেচ পদ্ধতির প্রভাব।
- ৬) চা গাছের বৃদ্ধি এবং ফলনের উপর বিভিন্ন মাসে সম্পাদিত লাইট পুনিং এর প্রভাব।
- ৭) বাংলাদেশের উত্তরাঞ্চলে চা'য়ের ফলন ও গুনগতমানের উপর বিভিন্ন দৈর্ঘ্যের প্লাকিং রাউন্ড এর প্রভাব।
- ৮) বাংলাদেশের উত্তরাঞ্চলে বর্ষাকালে রোপিত অপ্রাপ্ত বয়স্ক চা আবাদির জন্য একটি আদর্শ পুনিং সিডিউল তৈরি।
- ৯) শীতকালে রোপিত চা চারার বৃদ্ধি ও বেঁচে থাকার উপর বিভিন্ন সময়ে সম্পাদিত ফাস্ট ফ্রেম ফরমেশন পুনিং এর প্রভাব।

কৃষিতত্ত্ব বিভাগের উল্লেখযোগ্য অর্জনসমূহ

- চা গাছ হতে দীর্ঘ মেয়াদী অধিক ফলন পাওয়ার জন্য আদর্শ রোপন দূরত্ব ও রোপন পদ্ধতি নির্ধারণ করা হয়েছে।
- অপরিণত চা গাছের জন্য ৫ বছর মেয়াদী একটি স্ট্যান্ডার্ড পুনিং সিডিউল তৈরী করা হয়েছে।
- চা গাছের স্বাস্থ্য সংরক্ষণ করে দীর্ঘ মেয়াদী ফসল আহরনের জন্য ৪ বছর মেয়াদী পুনিং সাইকেল (এল.পি-ডি.এস.কে-এম.এস.কে-এল.এস.কে) নির্ধারণ করা হয়েছে।
- গাছের স্বাস্থ্য ঠিক রেখে কাঙ্ক্ষিত মাত্রায় ফসল আহরনের জন্য আদর্শ পাতা চয়ন পদ্ধতি ও গ্লাকিং রাউন্ড নির্ধারণ করা হয়েছে।
- দ্রুততম সময়ের মধ্যে সাধারণ মাতৃবৃক্ষকে উন্নত মাতৃবৃক্ষে পরিবর্তন করার জন্য উপযুক্ত গ্রাফটিং পদ্ধতি উদ্ভাবন করা হয়েছে।
- সমতল চা আবাদির জন্য ছায়াতরুর আদর্শ রোপন দূরত্ব নির্ধারণ করা হয়েছে।



ভবিষ্যৎ পরিকল্পনা

- পরিবর্তিত বিশ্ব জলবায়ুর কারণে উদ্ভূত খরার প্রকোপ থেকে চা আবাদী রক্ষার জন্য স্বল্প ও দীর্ঘ মেয়াদী লাগসই প্রযুক্তি উদ্ভাবন।
- শ্রমিক স্বল্পতা মোকাবেলায় চা চাষাবাদের বিভিন্ন পরিচর্যাগত পদ্ধতিসমূহ অর্থনৈতিকভাবে লাভজনক পর্যায়ে রেখে যান্ত্রিকীকরণের আওতায় আনা।
- দেশের উত্তরাঞ্চল ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের চা আবাদির জন্য আদর্শ পুনিং সাইকেল নির্ধারণ।
- চা নার্সারীতে সহজে এবং স্বল্প সময়ে, স্থানে ও খরচে রোপন সামগ্রী উৎপাদন কৌশল নির্ধারণ।

কৃষিতত্ত্ব বিভাগের জনবল

জনবলের ধরন	অনুমোদিত পোস্ট	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
ক) রিসার্চ পার্সোনেল			
১। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সিএসও)	১*	১	-
২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও)	১	১	-
৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও)	২	১	১
৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)	২	২	-
খ) সাপোর্ট সার্ভিস			
১। ফার্ম সুপারভাইজার (এফএস)	১	১	-
২। উর্ধ্বতন মাঠ সহকারী (এসএফএ)	১	-	১
৩। মাঠ সহকারী (এফএ)	১	-	১
৪। গবেষণাগার সহায়ক (এলএইচ)	১	১	-
৫। অফিস সহায়ক (এলএইচ)	১	১	-

* প্রতিষ্ঠানের সিএসও পদ মোট ৩ টি (সকল বিভাগের সমন্বয়ে)। তন্মধ্যে ১ জন বর্তমানে কৃষিতত্ত্ব বিভাগে কর্মরত আছেন।